NYC Consumer and Worker Protection

**BENGALI**

*এই প্রকাশনায় 20 জুলাই, 2020 তারিখ পর্যন্ত তথ্য অন্তর্ভুক্ত আছে।*

# NYC পুনরায় চালু করার পর্ব 4: কর্মীদেরেকে যা জানতে হবে

**ইন্ডোর ডাইনিং এবং ইন্ডোর আর্টস অ্যান্ড কালচার পর্ব 4-এর অংশ হবে না। স্টেট এবং সিটি ইন্ডোর ডাইনিং এবং ইন্ডোর আর্টস অ্যান্ড এন্টারটেনমেন্ট-এর জন্য পুনরায় চালু করার দিন এখনও ঠিক করেনি। আপডেট এবং তথ্যের জন্য nyc.gov/workers-এ যান।**

জুন 20, 2020, সোমবার থেকে আরম্ভ করে পর্ব 4-এর অংশ হিসেবে নিউ ইয়র্ক সিটিতে নিম্নলিখিত ব্যবসাগুলি পুনরায় খোলা হতে পারে:

- উচ্চশিক্ষা*
- প্রি-কে থেকে গ্রেড 12 স্কুলগুলি*

*NYC যদি পর্ব 4-এ থাকে এবং দৈনিক সংক্রমণের হার 5 শতাংশের নিচে থাকে শুধুমাত্র তাহলেই 14 দিনের গড় ব্যবহার করে স্কুলগুলি পুনরায় খোলা যেতে পারে। স্টেটের নির্দেশিকা (উচ্চশিক্ষা, প্রি-কে থেকে গ্রেড 12 স্কুলগুলি) forward.ny.gov-এ উপলভ্য। সিটির নির্দেশিকা (Pre-K থেকে গ্রেড 12 স্কুলগুলি) nyc.gov/schools-এ উপলভ্য।

- কম ঝুঁকিপূর্ণ আউটডোর আর্টস অ্যান্ড এন্টারটেনমেন্ট
- কোনও দর্শক ছাড়া পেশাদার ক্রীড়া প্রতিযোগিতা
- মিডিয়া প্রোডাকশন†

†সেট, লোকেশন, বা যেকোনও প্রোডাকশন বা রেকর্ডিং সাইটে মোশন পিকচার, মিউজিক, টেলিভিশন এবং স্ট্রিমিং প্রোডাকশের জন্য কার্যকলাপ।

উচ্চশিক্ষার মধ্যে অন্তর্ভুক্ত হল:

- কমিউনিটি এবং জুনিয়র কলেজগুলি
- ইউনিভার্সিটি
- স্নাতক এবং পেশাদারী পড়াশোনার স্কুল গুলি
- মেডিকেল স্কুল গুলি
- প্রযুক্তিগত পড়ারশোনার স্কুল গুলি

কম ঝুঁকিপূর্ণ আউটডোর আর্টস অ্যান্ড এন্টারটেনমেন্টের মধ্যে অন্তর্ভুক্ত হল:

- চিড়িয়াখানা গুলি
- বোটানিক্যাল গার্ডেন্স
- নেচার পার্ক
- ঐতিহাসিক স্থান এবং সাংস্কৃতিক প্রতিষ্ঠান
- আউটডোর মিউজিয়ামস
- আউটডোর কৃষি পর্যটন
- স্থানীয় কৃষি সংক্রান্ত উপাদান এবং প্রদর্শনী
- অন্যান্য অনুরূপ প্রতিষ্ঠান গুলি/কার্যকলাপ

যদি আপনি কভার্ড ব্যবসায় কর্মরত থাকেন, তাহলে কয়েকটি সাধারন এবং শিল্প-নির্দিষ্ট প্রয়োজনীয়তার জন্য এই প্রকাশনাটি পড়ুন যা আপনার নিয়োগকর্তাকে অবশ্যই অনুসরণ করতে হবে। বিস্তারিত নির্দেশিকা **forward.ny.gov**-এ উল্লেখিত রয়েছে। আপনি **311** নম্বরে ফোনও করতে পারেন কর্মী সুরক্ষা হটলাইনের জন্য বা পুনরায় খোলার সংক্রান্তে, কর্মক্ষেত্রের স্বাস্থ্য এবং সুরক্ষা নির্দেশিকা জন্য, বা এমন কোনও নিয়োগকর্তার যে পুনরায় খোলার প্রয়োজনীয়তা অনুসরণ করছে না তার রিপোর্ট করার বিষয়ে কোনও প্রশ্ন থাকলে আপনি 1-212-436-0381 এ ফোন করতে পারেন।

## যখন ব্যবসা পুনরায় চালু হবে তখন সমস্ত নিয়োগকারীকে যে সাধারণ প্রয়োজনীয়তাগুলি অবশ্যই অনুসরণ করতে হবে

| | |
|---|---|
| **যোগাযোগ এবং স্ক্রিনিং** | • **আপনার কর্মস্থলের এমন জায়গায় সুরক্ষা পরিকল্পনা লাগান যেখানে আপনি সেটি দেখতে পাবেন।**<br>• **আপনি নিজেকে এবং আপনার সহকর্মীদের সুরক্ষা এবং স্বাস্থ্যবিধির প্রোটোকলগুলির বিষয়ে প্রশিক্ষণ দিন।**<br>• **প্রতিদিন এবং প্রযোজ্য হলেই কর্মীদের স্বাস্থ্য স্ক্রিনিং পরিচালনা করুন, অন্যদের (ঠিকাদার, ভেন্ডর, উচ্চশিক্ষা স্কুলের শিক্ষার্থী) স্ক্রিন করুন।**<br>আপনার নিয়োগকর্তাকে অবশ্যই অসুস্থ বা অসুস্থ হয়ে পড়েছেন এমন কর্মচারীদের বাড়িতে পাঠাতে হবে।<br>• **কর্মী এবং জনসাধারণের জন্য সুরক্ষা সংক্রান্ত তথ্য এবং স্বাস্থ্যবিধি সম্পর্কিত প্রোটোকল সহ সাইন পোস্ট করুন** |
| **সুরক্ষা সরঞ্জাম** | • **নিজের এবং সহকর্মীদেরকে বিনামূল্যে মুখের আবরণ দিন এবং পরিবর্ত আবরণও সরবরাহ করুন।**<br>আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনাকে এবং আপনার সহকর্মীদের সুরক্ষা সরঞ্জাম কীভাবে ব্যবহার, পরিষ্কার এবং বাতিল করতে হবে সেই বিষয়ে প্রশিক্ষণ দিতে হবে।<br>পৃষ্ঠপোষক এবং পরিদর্শনকারীদের সাথে বার্তালাপ করার সময় এবং যখন অন্য কোনও ব্যক্তির সাথে 6 ফুট দূরত্ব বজায় রাখা সম্ভব নয় তখন যাতে কর্মীরা মুখের আবরণ পরেন তা আপনার নিয়োগকর্তাকে নিশ্চিত করতে হবে। |
| **স্বাস্থ্যবিধি, পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা** | • **কর্মীদের জন্য হাত পরিষ্কার করার জায়গা প্রদান করুন এবং রক্ষণাবেক্ষণ করুন**, যার মধ্যে অন্তর্ভুক্ত হবে সাবান, জল দিয়ে হাত ধোয়া এবং কাগজের তোয়ালে দিয়ে হাত পরিষ্কার করা এবং যেখানে হাত ধোয়া সম্ভব নয় সেখানে 60% বা তার বেশি মাত্রায় অ্যালকোহল আছে এমন হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করা।<br>• **সাধারণ জায়গাগুলি এবং যে তল এবং জিনিসগুলি ঘনঘন স্পর্শ করা হয় সেগুলিকে নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন।**<br>এমন উদাহরণের মধ্যে অন্তর্ভুক্ত হবে দরজার হাতল, হ্যান্ডরেল, লাইটের সুইচ, টয়লেট ইত্যাদি।<br>পৃষ্ঠপোষক এবং পরিদর্শনকারীরা প্রতিবার ব্যবহার করা পরে আপনার নিয়োগকর্তার সেই জায়গা এবং তলগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা উচিৎ।<br>• **যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলি একাধিক ব্যক্তির ব্যবহার সীমিত করুন এবং কাজের জায়গা ও প্রতিটি ব্যবহারের পরে যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলি নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন।**<br>যদি একাধিক ব্যক্তির ব্যবহার সীমিত না করা যায় বা সম্ভাব্য ক্ষতির কারণে সরঞ্জামগুলি পরিষ্কার করা না যায় তাহলে কর্মী যাতে গ্লাভ পরেন তা আপনার নিয়োগকর্তাকে নিশ্চিত করতে হবে। |
| **শারীরিক দূরত্ব** | • **যেখানে সম্ভব সেখানে একে অপরের মধ্যে 6 ফুট দূরত্ব বজায় রাখা নিশ্চিত করুন।**<br>• **পৃষ্ঠপোষক এবং পরিদর্শনকারীদের বয়স যদি 2 বছরের বেশি হয় এবং তারা যদি মুখের আবরণ পরতে সক্ষম হন তাহলে তাদেরকে মুখের আবরণ পরতে হবে।**<br>• **টয়েলেট এবং বিশ্রামকক্ষের মতো ছোট জায়গাগুলিতে ভিড় না হওয়ার জন্য সাইনেজ পোস্ট করুন।**<br>• **ওয়েটিং রুম সহ সমস্ত অপ্রয়োজনীয় সাধারণ অঞ্চলগুলি বন্ধ রাখুন।** |

## কম ঝুঁকিপূর্ণ আউটডোর আর্টস অ্যান্ড এন্টারটেনমেন্টের জন্য প্রয়োজনীয়তা

আপনার নিয়োগকর্তা যা অবশ্যই করতে হবে:

- জায়গাটির সর্বাধিক ধারণক্ষমতার 33%-এর মধ্যে সীমিত রাখতে হবে। *সর্বাধিক ধারণক্ষমতার মধ্যে অন্তর্ভুক্ত হবেন, কর্মী, পৃষ্ঠপোষক এবং পরিদর্শকগণ।*
- পৃষ্ঠপোষক এবং পরিদর্শকদের স্বাস্থ্য স্ক্রিনিং এর জন্যেউৎসাহিত করতে হবে।
- পৃষ্ঠপোষক এবং পরিদর্শকরা মুখের আবরণ না পরা পর্যন্ত তাদের প্রবেশ নিষিদ্ধ করতে হবে। কেবলমাত্র ব্যতিক্রমের ক্ষেত্রে সাধারণ প্রয়োজনীয়তার বিভাগে শারীরিক দূরত্ব দেখুন।
- কর্মীরা পৃষ্ঠপোষক এবং পরিদর্শকদের সাথে বার্তালাপ করার সময় যাতে মুখের আবরণ পরেন এবং পৃষ্ঠপোষক এবং পরিদর্শনকারীরা অন্যদের থেকে 6 ফুটের কম দূরত্ব থাকা অবস্থায় যাতে মুখের আবরণ পরেন তা সুনিশ্চিত করতে হবে।
- বিভিন্ন পার্টিতে পৃষ্ঠপোষক এবং পরিদর্শকরা যাতে একে অপরের থেকে 6 ফুট দূরত্ব বজায় রাখেন তা সুনিশ্চিত করতে হবে। *যেখানে দূরত্ব বজায় রাখা সম্ভব নয় – উদাহরণস্বরূপ, ক্যাশ রেজিস্টারে-সেখানে সকলকে অবশ্যই মুখের আবরণ পরতে হবে।*
- যে পৃষ্ঠপোষক এবং পরিদর্শনকারীরা বাইরের অংশ, টয়লেট এবং অন্যান্য এলাকাগুলি ব্যবহার করার জন্য ভিতরের অংশ থেকে বাইরে যেতে চান বা বাইরে থেকে ভিতরে আসতে চান তাদের ক্ষেত্রে দূরত্ব বহায় রাখতে ভিতরের ধারণক্ষমতা সীমিত করুন।
- পৃষ্ঠপোষক এবং পরিদর্শনকারীদের জনস্রোতকে নিয়ন্ত্রণ করুন। কোনও ছোট জায়গায় প্রদর্শনীর ক্ষেত্রে, আপনার নিয়োগর্কতাকে অবশ্যই দূরত্ব বজায় রাখার জন্য সর্বাধিক ধারণক্ষমতা হিসেবে ব্যবস্থা করতে হবে। *আপনার নিয়োগকর্তাকে এই এলাকাগুলিকে সর্বাধিক ভিড় সামলানোর জন্য অনেক বেশি কর্মী নিয়োগ করতে হতে পারে।*
- গোষ্ঠী ভ্রমণগুলি একই পক্ষের সদস্যদের মধ্যে সীমিত রাখুন এবং গোষ্ঠীর মোট সংখ্যা যাতে সর্বাধিক ধারণক্ষমতার কম হয় তা নিশ্চিত করতে হবে যার মধ্যে কর্মী এবং অন্যান্য পৃষ্ঠপোষক এবং পরিদর্শনকারীরাও অন্তর্ভুক্ত।
- উচ্চ-ঝুঁকিপূর্ণ প্রদর্শনীগুলি বন্ধ রাখুন।
- শিশুদের প্রদর্শনী এবং খেলাধুলা করার জায়গাগুলি ততক্ষণ বন্ধ রাখুন যতক্ষণ না পর্যন্ত আপনার নিয়োগকর্তা দুটি শিশুর ব্যবহার মাঝে জায়গাটি এবং সরঞ্জামগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করতে পারছেন।
- সাধারণ জায়গাগুলিতে হ্যান্ড স্যানিটাইজার রাখুন- যেমন, প্রদর্শনীর জায়গা।
- পিকনিকের ব্যবস্থা এমন জায়গায় করুন যেখানে পার্টীর মধ্যে অন্তত 6 ফুট দুরুত্ব বজায় রাখা সম্ভব, বা আপনি এগুলি সরাতে না পারলে তাদের বন্ধ করুন।
- পৃষ্ঠপোষক এবং পরিদর্শনকারীদের হেডসেট এবং অন্যান্য সরঞ্জাম ব্যবহার করা বন্ধ করুন। আপনি যদি একবার ব্যবহারযোগ্য ম্যাপ দিতে না পারেন, তাহলে প্রতিবার ব্যবহার করার পরে ম্যাপগুলিকে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে ভুলবেন না।

## মিডিয়া প্রোডাকশনের জন্য আবশ্যকতাগুলি

আপনার নিয়োগকর্তা যা অবশ্যই করতে হবে:

- ভিতরের অংশের ধারণক্ষমতা জায়গাটির সর্বাধিক ধারণক্ষমতার 50%-এ সীমিত করতে হবে। *সর্বাধিক ধারণক্ষমতার মধ্যে অন্তর্ভুক্ত হবেন কর্মী, অভিনেতা এবং কলাকুশলীরা।*
- কর্মী, অভিনেতা এবং কলাকুশলীরা সমস্ত জায়গায় যাতে একে অপরের মধ্যে যাতে 6 ফুটের দূরত্ব বজায় রাখেন তা নিশ্চিত করতে হবে। যেখানে 6 ফুট দূরত্ব বজায় রাখা সম্ভব নয় সেখানে আপনার কর্মীকে এটি নিশ্চিত করতে হবে যে সবাই যেন মুখের আবরণ পরেন, যদি তাদের বয়স 2 বছরের বেশি হয় এবং মুখের আবরণ পরার ক্ষেত্রে তাদের যদি কোনরকম স্বাস্থ্য সম্পর্কিত সমস্যা না থাকে।
- কর্মী, অভিনেতা এবং কলাকুশলী অন্যের সাথে ঘনিষ্ঠ সংস্পর্শে আসেন, তাদের কাজে যোগ দেওয়ার আগে COVID-19 পরীক্ষা করানো অবশ্যই নিশ্চিত করতে হবে এবং তারা যখন আবার অনসাইট বা লোকেশনে আসবেন তখন আবারও করতে হবে।
- ঝুঁকি কমাতে এমন মূল কাজগুলির জন্য প্রোটোকল তৈরি করুন যেগুলিতে নিবিড় সংস্পর্শে আসার এবং মাস্ক খোলার প্রয়োজন হয়; যেমন, চুল বাঁধা, মেক-আপ করা, পোষাক পরতে সাহায্য করা, রিহার্সাল করা, অভিনয় করা বা রেকর্ড করা। অভিনেতারা এই কার্যকলাপগুলির জন্য মুখের আবরণ খুলতে পারেন কিন্তু এই কার্যকলাপগুলির পরেই তাদেরকে আবার মুখের আবরণ পরে নিতে হবে।
- এমন ব্যক্তি যারা এমন মূল কাজগুলি করেন তারা যখন অভিনেতাদের সাথে কাজ করেন তখন তাদের নিবিড় সংস্পর্শে আসার এবং মাস্ক খোলার *এবং* ফেস শিল্ড বা সুরক্ষা চশমার মতো চোখের সুরক্ষা ব্যবস্থাগুলি খোলার প্রয়োজন হয়। এর মধ্যে অন্তর্ভুক্ত হল, মেক-আপ আর্টিস্ট, সাউন্ড টেকনিশিয়ান, স্টান্ট কো-অর্ডিনেটর।
- কর্মী সংখ্যা অত্যাবশ্যক কর্মী, অভিনেতা এবং কলাকুশলীদের মধ্যেই সীমিত রাখুন এবং বন্ধুবান্ধব বা পরিদর্শকদের মতো অনাবশ্যক ব্যক্তিদের প্রবেশ নিষিদ্ধ করুন। কেবলমাত্র অত্যাবশ্যক ব্যক্তিদের প্রবেশ করতে দেওয়ার জন্য আপনার নিয়োগকর্তাকে সেখানে পর্যাপ্ত নিরাপত্তা কর্মী রাখতে হবে।
- প্রোডাকশনের লোকেশনগুলিকে সাধারণ মানুষদের থেকে সুরক্ষিত রাখুন, দূরত্ব বজায় রাখার জন্য পর্যাপ্ত জায়গা রাখতে হবে এবং জীবাণুমুক্তকরণ এবং স্যানিটাইজ করার উপযুক্ত মান বজায় রাখতে হবে।
- কর্মী, অভিনেতা এবং কলাকুশলীরা খাবার খাওয়ার সময় যাতে দূরত্ব বজায় রাখতে পারেন তার জন্য জায়গা সংরক্ষণ করতে হবে এবং একে অপরের সাথে খাবার ভাগ করে খাওয়া নিষিদ্ধ করতে হবে।
- কোনও গাড়িতে যদি একাধিক ব্যক্তি ভ্রমণ করেন তাহলে সকলে যাতে মুখের আবরণ পরেন তা নিশ্চিত করতে হবে।
- যতটা সম্ভব ব্যক্তি যোগাযোগ সীমাবদ্ধ করার উদ্দেশ্যে বিতরণ এবং সংগ্রহের জন্য মনোনীত অঞ্চল স্থাপন করুন।
- বেতনভূক কর্মী, অভিনেতা এবং কলাকুশলী ছাড়া লাইভ দর্শকদের প্রবেশ নিষিদ্ধ করুন। আপনার নিয়োগকর্তাকে দর্শকদের সংখ্যা 100 জন বা দর্শক ধারণ ক্ষমতার 25%-এর মধ্যে যেটি কম হবে তার মধ্যে রাখতে হবে এবং প্রত্যেকে যেন সব দিক থেকে একে অপরের থেকে ছয় ফুট দূরত্ব বজায় রাখে তা সুনিশ্চিত করতে হবে।
- মিডিয়া প্রোডাকশন সম্পর্কিত সকল সরঞ্জাম এবং সাধনীগুলি COVID 19-এর বিরুদ্ধে কার্যকর বলে ইউ.এস.-এর পরিবেশ সুরক্ষা এজেন্সি (Environmental Protection Agency, EPA) দ্বারা শনাক্ত করা প্রোডাক্ট দিয়ে নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন। সরঞ্জাম এবং সাধনীর মধ্যে অন্তর্ভুক্ত হল, কেস, ক্যামেরা, আইপিস, লেন্স, মনিটর এবং টাচস্ক্রিন, ডলিস। আপনার নিয়োগকর্তাকে প্রতিবার ব্যবহারের পরে সকল প্রপস, পোশাক এবং সেটের উপাদানগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে এবং সিল করা কন্টেনারে সেগুলি স্টোর করতে হবে।